

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০১৯.২০১১-১৪৬৫(ক)

তারিখ : ০৩ ডিসেম্বর, ২০১৫

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ ইকবাল হোসাইন, ভাইস চেয়ারম্যান, তেতুলিয়া উপজেলা পরিষদ, পঞ্চগড় কর্তৃক গত ১৭ ফেব্রুয়ারি, ২০১৫, মার্চ, ২০১৫, এপ্রিল, ২০১৫, মে, ২০১৫ এবং জুন, ২০১৫ খ্রি: পর্যন্ত উপজেলা পরিষদের পর পর ০৫ (পাঁচ)টি মাসিক সভায় অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(ক) এর অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কারণ দর্শানোর প্রেক্ষিতে বর্ণিত অভিযোগের যে জবাব তিনি দাখিল করেছেন তাতে যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে বর্ণিত সময়ে উপজেলা পরিষদের পর পর ০৫(পাঁচ) টি মাসিক সভায় অনুপস্থিত থাকার কথা তিনি স্বীকার করেছেন;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানী প্রদানের জন্য নোটিশ প্রেরণ ও জারী করা সত্ত্বেও পর পর দুই বার তিনি ব্যক্তিগত শুনানীতে হাজির হননি;

যেহেতু, তিনি সেপ্টেম্বর, ২০১৪ খ্রি: তারিখ হতে জানুয়ারি, ২০১৫ খ্রি: পর্যন্ত উপজেলা পরিষদের মোট ০৫(পাঁচ)টি সভায় যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে অনুপস্থিত থেকেছেন যার অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক) ধারায় তাঁকে দোষী সাব্যস্ত করা হয়েছে, সেহেতু সরকার জনস্বার্থে তাকে তাঁর স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে পঞ্চগড় জেলার তেতুলিয়া উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ইকবাল হোসাইনকে তেতুলিয়া উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. Min
০৩/১২/২০১৫
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০১৯.২০১১-১৪৬৫(ক)

তারিখ : ০৩ ডিসেম্বর, ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৩। সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৪। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা (পঞ্চগড় জেলার তেতুলিয়া উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান পদ শূন্য হওয়ায় উপ-নির্বাচনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৬। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।